২৬। হে পিতা, ফিনল্যাণ্ডে যারা হতাশাগ্রস্ত এবং নিঃসঙ্গ তাদের পথ দেখাও যেন তারা তোমার সত্য প্রতিফলিত করতে পারে এবং তারা যেন জানতে পারে যে তারা একা নয়। যারা তাদের সাহায্য করতে পারে তাদের সঙ্গে এবং সেই সমস্ত সম্পদগুলির সঙ্গে তাদের সংযুক্ত করতে সাহায্য করো। (দ্বি:বি: ৩১:৮)

২৭।হে ঈশ্বর, গ্রীনল্যাণ্ডের শিক্ষার্থীদের মধ্যে খ্রীষ্টিয় কাজ বৃদ্ধি করো। এই যুবকরা যেন একটি খ্রীষ্টিয় সমাজের সঙ্গে যুক্ত থাকে যেখানে তারা বাইবেল পাঠ করতে পারে এবং উৎসাহ পায়। (১ থিষ ৫:১১)

২৮।হে প্রভু, পরিচর্যা কাজে উৎসাহিত করার জন্যে এবং অনুপ্রাণিত করার জন্যে ডেনমার্কে একটি ক্ষুদ্র ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দল দানের জন্য আমরা তোমার কাছে বিনতি করি। (ফিলি ৪:১৩)

২৯।স্বর্গীয় পিতা, ক্রোয়েশিয়ার একক মায়েরা যেন তাদের শিশুদের খরচের জন্যে তাদের প্রাক্তণ স্বামীদের কাছ থেকে নিয়মিত আর্থিক সাহায্য লাভ করতে সক্ষম হয় তার জন্য আমরা তোমার কাছে প্রার্থনা করি। (মথি ৭:৯)

৩০।হে প্রভু, আলবেনিয়ার মণ্ডলীকে এই অন্ধকার এলাকায় আলো হওয়ার জন্যে শক্তিশালী করো। তারা যেন ঈশ্বরীয় পথে জীবনযাপন করতে এবং উৎপাদনশীল জীবনযাপন করতে সাহায্য করার জন্য মহিলাদের পাশে দাঁড়ায়। (ইফিষীয় ৫:৮)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। প্রার্থনা করবেন তুরস্ক এবং সিরিয়ায় যারা ভুমিকম্পের কবলে পরে স হারিয়েছে, এবং একেই সাথে প্রার্থনা করবেন বাংলাদেশের জন্য কারণ ঢাকা শহর এখন ভূমিকম্পের আশঙ্কা সীমায় রয়েছে। ঈশ্বর যেন আমাদের পাপ ক্ষমা করে আমাদের দেশেকে দুর্যোগের হাত থেকে রক্ষা করেন।

২। করোনার কারণে অনেকে তাদের জীবিকা হারিয়েছে, প্রার্থনা করবেন যেন বাংলাদেশ বেকারত্বের অভিশাপ থেকে মুক্তি পায়, বিশেষ করে যেন নারীদের কর্মসংস্থান নিশ্চিত হয়।

৩। বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এবং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমজে আত্মিক উদ্দীপনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।

৪। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন, যারা বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রাণপণ কাজ করছেন তাদের জন্য প্রার্থনা করবেন, তারা যেন কোন রকম পরীক্ষায় না পরে, কোন রকম অনৈতিক কাজে লিপ্ত না হয়ে দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে পারেন। তাদের মধ্যে যেন ঈশ্বরভয় থাকে, সর্বোপরি তারা যেন ঈশ্বরকে জানতে পারে।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

# Women of Hope

## Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’ নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।




**2023. 4.**

**ইউরোপীয় মহিলাদের জন্য প্রার্থনা 2**

প্রতিটি মহিলার জানার অধিকার রয়েছে যে ঈশ্বর তাকে কতটা মূল্য দেন যিনি তাকে সৃষ্টি করেছেন এবং ঈশ্বর তার জন্য কী চমৎকার পরিকল্পনা করেছেন। যীশুর সাথে দেখা করার পরে এবং তাঁর আশ্চর্যজনক ভালবাসা অনুভব করার পরে মহিলাদের রূপান্তর দেখার চেয়ে সুন্দর এবং রোমাঞ্চকর আর কিছুই নেই।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

# আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে প্রভু, সুইডেনের নিঃসঙ্গ লোকদের কাছে নিজেকে প্রকাশ করো যারা তাদের জীবনকে অর্থহীন অনুভব করে। তাদেরকে অসার অভীষ্ট বিষয়গুলোকে এড়াতে সাহায্য করো যা তাদের নিঃসঙ্গতার অনুভূতিগুলিকে আরও তীব্র করে। (গীত ৩৬:৯)

২।স্পেনে গত ১০ বছরে অভিবাসী মহিলাদের সংখ্যা উত্তরোত্তর দ্রুতহারে বৃদ্ধি পাচ্ছে। হে পিতা, যৌন পাচারচক্রের হাত থেকে তাদের সুরক্ষা করো এবং তাদের জীবনের গুণগত মান উন্নত করো। (দ্বি:বি: ১০:১৮-১০)

৩।হে ঈশ্বর,যুবতী মহিলা এবং বালিকাদের উপর প্রচার মাধ্যমের নেতিবাচক প্রভাব যেন ভেঙ্গে যেতে পারে। তোমাতে তাদের প্রকৃত পরিচিতিগুলো খোঁজার জন্য সারবিয়ার ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী পরিচর্যাকে ব্যবহার করো।(যিহিস্কেল ৩৬:২৫-২৭)

৪। হে পিতা,আমাদের রোমানিয়ার দলটির অনুপ্রেরনার জন্য আমরা প্রার্থনা করি যেহেতু তারা আশাময়ী নারী কর্মসূচীগুলি লেখে যা অর্থপূর্ণ প্রতিবেদনগুলি তৈরী করে এবং অতিথি বক্তাদের জন্য আমরা প্রার্থনা করি যা শ্রোতাদের তোমার বিষয় আরও অধিক জানতে এবং তোমাকে আরও অধিক ভালবাসতে সাহায্য করে। (গীত ৪০:১০)

৫। হে পিতা ঈশ্বর, পর্তুগালের শোচনীয় আর্থিক অবস্থার পুনরুদ্ধার করে স্বাভাবিক করো যাতে লোকেরা ন্যায্য মূল্যে খাদ্যসামগ্রী ক্রয় করতে পারে। (মথি ৬:২৫)

৬।গ্রীণল্যাণ্ডে ৩৭% শিশুরা পিতৃহীন। এই একক মায়েদের শিশুর তত্ত্বাবধান, কাজ এবং অধ্যয়নের মধ্যে ভারসাম্য রক্ষা করার জন্যে শক্তিশালী করো।এই শিশুদের জন্য ধার্মিক পুরুষ উপদেষ্টা জুগিয়ে দাও। (গীত ৬৮:৫)

৭।হে প্রভু, মহিলাদের স্বাস্থ্য পরিষেবার উন্নতি করার জন্য এবং পোল্যাণ্ডের চিকিৎসকরা যাতে ভালো কাজের জন্য বিদেশে চলে যেতে বাধ্য না হয় তার জন্য তাদের বেতন বৃদ্ধির বিষয়ে পোল্যাণ্ডের নেতাদের প্রজ্ঞা দাও। (যাকোব ১:৫)

৮। হে ঈশ্বর, আমরা নরওয়ে ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী সংস্থার তহবিল বৃদ্ধির জন্য তোমার কাছে প্রার্থনা করি যাতে তারা আরও অধিক সুসমাচার অপ্রসারিত জনগোষ্ঠীগুলির কাছে ঈশ্বরের প্রেম সহভাগিতা করতে পারে।(মার্ক ১৬:১৫)

৯।হে প্রভু, আলবেনিয়ার অসংখ্য মহিলারা হতাশায় ভুগছে। তারা যখন তোমার কাছে ক্রন্দন করছে তখন তাদের মনকে এবং শরীরকে সুস্থ করো। তাদেরকে অন্যদের কাছে পরিচালিত করো যারা তাদের সাহায্য করতে পারে। (২ বিবরণ ৩১:৮)।

১০।উত্তর ককেশাসে, হে ঈশ্বর আশাময়ী নারী কর্মসূচীগুলির জন্যে নতুন অনুদান দানকারীদের আনো, সামাজিক মাধ্যমগুলি তাদের জন্য নিষিদ্ধ ঘোষিত হওয়ার কারণে তাদেরকে বিভিন্ন মঞ্চগুলিতে যেতে হচ্ছে। (২ করিন্থিয় ৪:১৬)

১১।পরাক্রমী পিতা, তুমি জার্মানীর পতিতালয়ে যে মহিলারা কাজ করছে তাদেরকে লুকানো রত্নভাণ্ডারের কাছে পরিচালিত করো যাতে তারা যীশুতে নিরাপত্তা এবং নতুন জীবন খুঁজে পেতে পারে।(যিশাইয় ৪৫:৩)

১২।হে ঈশ্বর, ফিনল্যাণ্ডের মহিলাদের শক্তি এবং উৎসাহ দাও যারা তাদের পেশা এবং পরিবারের দায়িত্বগুলি সম্পূর্ণ করতে গিয়ে বিহ্বলতা এবং নিরুৎসাহ অনুভব করে। (মথি ১১:২৮)

১৩। হে প্রভু, গ্রীণল্যাণ্ডে এবং ফারোই দ্বীপগুলিতে মদে আসক্ত বাবা মায়েদের শৃঙ্খল ভেঙ্গে দাও। তারা যেন তাদের সন্তানদের ঈশ্বরীয় পথে লালনপালন করে। (হিতোপদেশ ২২:৬)

১৪।হে ঈশ্বর, নরওয়েতে ১৪-১৬ই এপ্রিল ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী সম্মেলনে যে মহিলারা যোগদান করছে তারা যেন উৎসাহিত হয় এবং তোমার কাজের সঙ্গে আরও অধিক যুক্ত হতে পারে। (১ থিষলনীকীয় ৫:১১)

১৫।হে পিতা, ডেনমার্কের লোকেরা যেন বুঝতে পারে তাদের জীবন কত মূল্যবান এবং তাদের সন্তানরা হচ্ছে ঈশ্বরের উপহার। (গীত ১৩৯:১৩-১৬)

১৬।হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি কারণ ক্রোয়েশিয়ায় ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী ফেসবুক পেজে অনুসরণকারীদের সংখ্যা এবং ভাববিনিময়কারীদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। (গীত ৭১:৮)

১৭।হে প্রভু, অনুগ্রহ করে আলবেনিয়ার মহিলাদের কাজের এবং ঘরের ব্যবস্থা করে দাও যারা ঘরোয়া-অত্যাচার আশ্রয়গুলি ছেড়ে চলে এসেছে এবং তাদের সন্তানদের লালনপালন করার জন্যে উপার্জনের উদ্দেশ্যে পতিতালয়ে চলে আসছে। (মথি ৬:১১)

১৮।হে পিতা, সুইডেনের কম বয়েসী অপরাধীদের তোমাকে বিশ্বাস করার এবং অনুসরণ করার জন্য আকর্ষণ করো।তারা যেন তাদের নিজেদের এবং অন্যদের জীবনগুলিকে ধ্বংস করা বন্ধ করতে পারে। (মার্ক ১:১৭)

১৯।হে ঈশ্বর, স্পেনের খ্রীষ্টিয় ঠাকুমা এবং দিদাদের সাহায্য করো যারা পারিবারিক সঙ্কট এবং বিবাহবিচ্ছেদের কারণে তত্ত্বাবধানকারীতে পরিণত হয়েছে, তারা যেন তাদের নাতিনাতনীদের ঈশ্বরীয় বাইবেল সংক্রান্ত উপায়ে প্রভাবিত করতে পারে।(দ্বি:বি:৬:৬-৭)।

২০।হে পিতা, যারা নতুন নতুন মূল্যবান এবং প্রিয় কর্মসূচীগুলি অনুবাদ এবং প্রস্তুত করছে তাদের পথ দেখাও। এই কর্মসূচীর মাধ্যমে, সাইবেরিয়া এবং ক্রোয়েশিয়ার মহিলারা যেন তোমার ভালোবাসা জানতে পারে এবং তোমার মধ্যে তাদের মর্যাদা এবং গুরুত্ব খুঁজে পায়। (১ পিতর ৩:৪)

২১। হে ঈশ্বর, এই ঝামেলাপূর্ণ সময়ে রোমানিয়ার খ্রীষ্টান মহিলারা যেন তোমার সাক্ষ্যদানের বিষয় বিশ্বস্ত হয় তার জন্যে তুমি তাদের শক্তিশালী করো।(মথি ৫:১৩-১৬)

২২। হে প্রভু, পর্তুগালের ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটিকে অনুগ্রহ, প্রজ্ঞা এবং সৃজনশীলতা দাও যেহেতু তারা নতুন কর্মসূচিগুলির জন্য স্ক্রীপ্ট তৈরী করছে। (হিতোপদেশ ২:৬)

২৩।হে ঈশ্বর, আমরা পোল্যাণ্ডের মহিলাদের সামাজিক পদমর্যাদা, কল্যাণ এবং বৈধ নিরাপত্তা রক্ষার জন্য তোমার কাছে বিনতি করি। তুমি তাদের রক্ষাকারী এবং জোগানদাতা হও। (গীত ৫:১১)

২৪। হে পিতা,উত্তর ককেশাসের ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী শ্রোতাদের প্রজ্ঞার জন্য তোমার কাছে প্রার্থনা করি যাদের বৈবাহিক অবস্থা সঙ্কটপূর্ণ।তারা যেন তোমার প্রেমের মধ্যে আশা খুঁজে পায়। (যাকোব ১:১২)

২৫। হে প্রভু, ২০২২ সালে জার্মান ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী বিনতি সমাবেশটিকে সফল করার জন্যে এবং যারা আর্থিকভাবে এবং তাদের প্রার্থনার দ্বারা পরিচর্যাটিকে সাহায্য করে তাদের জন্যে আমরা তোমাকে ধন্যবাদ দিই। (মালাখি ৩:১০)